

“ছোলে হোক, মেয়ে হোক,  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
ক্লিনিক্যাল কন্ট্রোলসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম  
৬, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং পপঅ/সিসিএসডিপি/২০১৭/২৩৮/১৩৫৪৬

তারিখঃ ২২/৬/২০

বিষয় : ১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে ০৯-১১ জুলাই/২০২৩ ০৩(তিন) দিনব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে বিশেষ কর্মসূচী প্রসঙ্গে।

সূত্র : অধিদপ্তরের আইইএম ইউনিটের স্মারক নং ৫৯.১১.০০০০.৩৫০.২৩.০০১.২২.৮৯৪, তারিখঃ ১৯/০৬/২০২৩ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে ৯-১১ জুলাই, ২০২৩ ইং ০৩(তিন) দিনব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে বিশেষ কর্মসূচীর উদ্যোগ নেয় হয়েছে। উক্ত পরিবার কল্যাণ সেবা ও বিশ্ব জনসংখ্যা দিবসে-২০২৩ এ স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা কার্যক্রমে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করবেন।

- বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য মাসিক/বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৩ সম্পর্কে বিশেষ আলোচনা করতে হবে, যেখানে বিশ্ব জনসংখ্যা দিবস সফলভাবে উদযাপন উপলক্ষ্যে একটি সুনির্দিষ্ট Action plan প্রণয়ন করতে হবে।
- এই চিঠি পাওয়া মাত্রই কর্মকর্তাগণ বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৩ এ জেলা ও উপজেলা পর্যায়ে বিশেষ কর্মসূচী সফলভাবে বাস্তবায়নে উদ্দেশ্যে এতদসংক্রান্ত প্রয়োজনীয় ইমপ্রেষ্ট ফান্ড, লজিস্টিক, এমএসআর চাহিদা পেশ করে অতিদ্রুত সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- উপপরিচালকগণ বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা এর সাথে আলোচনার মাধ্যমে পার্শ্ববর্তী জেলার চিকিৎসক কর্মকর্তাদের সমন্বয়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম বিষয় ক্যাম্প সেবা নিশ্চিত করবেন।
- স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে যে সকল স্থানে সেবাপ্রদানকারীর স্বল্পতা আছে, সেখানে রিজিওনাল কনসালটেন্ট/ ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ উপপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং সংশ্লিষ্ট Roving Team এবং NGO দেব সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন টীম/সেবা প্রদানকারী টীম গঠন করবেন এবং রিজিওনাল কনসালটেন্ট/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ নিজেরাও সার্জন হিসাবে এ সকল টীমে যুক্ত হয়ে সরাসরি সেবা প্রদান করবেন এবং বিশেষ কর্মসূচীর কার্যক্রম তদারকি করবেন। প্রশিক্ষিত চিকিৎসক কর্মকর্তাদের সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- মাসিক/বিশেষ সভায় বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৩ এ স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবার ক্ষেত্রে যেখানে LAPM Roving Team এবং আইইউডি Roving Team এর সহায়তা প্রয়োজন তা নির্ধারণ করে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়/মেরী টোপস বাংলাদেশ এবং সংশ্লিষ্ট Roving Team কে পূর্বে অবহিত করতে হবে।
- ০৯-১১ জুলাই, ২০২৩ইং তারিখ পর্যন্ত স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিদিনই সংগঠন করে সেবা প্রদান করতে হবে। সকল চিকিৎসক কর্মকর্তাগণ স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি ও ইমপ্ল্যান্ট সেবা প্রদান করবেন এবং মহিলা চিকিৎসক কর্মকর্তা, মহিলা স্যাকমো ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ আইইউডি সেবা প্রদান করবেন। সেবাকেন্দ্রে প্রতিদিন সেবাপ্রদানকারীদের সার্বক্ষণিক উপস্থিতি অত্যাবশ্যিক।
- প্রতি উপজেলার Hard to reach area অথবা দূরবর্তী এলাকা যেখান থেকে ক্লায়েন্ট সহজে উপজেলা সদরে আসতে পারেন না, সে সকল এলাকায় বিশ্ব জনসংখ্যা দিবস ও বিশেষ সেবা কার্যক্রম নিয়মিত সেবাদানের পাশাপাশি স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প আয়োজন করতে হবে।
- স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণ (PPV, FWA, FPI, FWV, Pharmacist, SACMO, CHCP, HA, AHI, HI, NGO মাঠকর্মী) প্রত্যেকে বিশ্ব জনসংখ্যা দিবস ও বিশেষ সেবা কার্যক্রম চলাকালীন কমপক্ষে ১টি স্থায়ী ও ১টি দীর্ঘমেয়াদী পদ্ধতির গ্রহীতা শ্রেণণ করে পরিবার কল্যাণ সেবা ও বিশ্ব জনসংখ্যা দিবস -২০২৩ সাফল্যমন্ডিত করবেন।
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যে সকল মেডিক্যাল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে প্রসব পরবর্তী দীর্ঘ মেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা চালু আছে, সে সকল কেন্দ্রে বিশ্ব জনসংখ্যা দিবস ও বিশেষ সেবা কর্মসূচী উক্ত সেবা প্রদান নিশ্চিত করার সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- এনজিও ও প্রাইভেট সেক্টরের সেবাকেন্দ্র সমূহে প্রতিদিনই স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করতে হবে।
- সকল পর্যায়ের সেবাকেন্দ্রে করোনা কালীন স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
- বিশ্ব জনসংখ্যা দিবস ও বিশেষ সেবা কার্যক্রম সিসিএসডিপি ইউনিটের লাইন ডাইরেক্টর, প্রোগ্রাম ম্যানেজার, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজারগণের সমন্বয়ে ০৭ সদস্য বিশিষ্ট একটি মনিটরিং সেল LAPM কার্যক্রম বিভাগ ভিত্তিক মনিটরিং করবেন।
- প্রতিদিনের সেবা প্রদানের পদ্ধতি ভিত্তিক সংখ্যা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিটে শ্রেণণের পাশাপাশি এর এক কপি সিসিএসডিপি'র ই-মেইল এড্রেস [ccsdpdgfp@gmail.com](mailto:ccsdpdgfp@gmail.com) এ পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সিসিএসডিপি ইউনিটের উপপরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার ডঃ মোহাম্মদ আলী সকাওছার, মোবাইল নম্বর নং ০১৭১১-৪৩৭৩৩৬ এর সাথে যোগাযোগ করতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য